

যীশু পৌলের দৃষ্টি মুক্ত করেছিলেন

মিশনারী কার্য সম্পর্কে পৌলের দর্শনের বিষয় শিশুদের শিক্ষা দিন



প্রার্থনা : “প্রিয় প্রভু, তুমি সকল প্রকার লোকদের মধ্যে সুসমাচার নিয়ে যাবার জন্য পৌলকে দর্শন দিয়েছিলেন। দয়া করে আমাদেরও একই দর্শন দাও। আমরাও সবার কাছে যীশুর বিষয় বলতে চাই।”

এই শিশুদের শিক্ষণ কার্যাবলীর যে কোন একটি পছন্দ করুন।

প্রেরিত ২২১-২২ পদ থেকে শৌল কিভাবে যীশুর সঙ্গে মিলিত হয়েছিলেন সেই বিষয়ে গল্পটি বড় শিশুদের অথবা শিক্ষককে পাঠ করতে অথবা মন থেকে বলতে দিন। এখানে দেখান হয়েছে, ঈশ্বর কিভাবে অন্য দেশে লোকদের কাছে যীশুর কথা বলার জন্য শৌলকে পাঠিয়ে ছিলেন।

গল্পটি বলার পর, প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন এবং বিশ্বাসীদের উত্তর দিন। যদি তাদের প্রয়োজন হয়। (প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।)

১. লোকেরা পৌলের কথা শুনে নীরব হয়ে গেছিল কেন? (মন পরিবর্তনের পর শৌলের নাম পরিবর্তিত হয়ে পৌল হয়েছিল?) (৫ পদ দেখুন)। তিনি তাদের ভাষায় কথা বলছিলেন।
 ২. যীশুর সঙ্গে মিলিত হওয়ার পূর্বে শৌল খীটের অনুসারীদের প্রতি কি করতেন? (৫ পদ দেখুন)
 ৩. শৌল কিভাবে অন্ধ হয়েছিলেন? (১১ পদ দেখুন)
 ৪. অনন্তরের মাধ্যমে ঈশ্বর শৌলকে কি নির্দেশ দিয়েছিলেন? (১৫ ও ১৬ পদ দেখুন)
 ৫. ঈশ্বর শৌলকে কোথায় পাঠিয়েছিলেন? (২১ পদ দেখুন)
 ৬. মিশনের জন্য শৌলের (পৌলের) দর্শনের বিষয় যিহূদীগণ কি চিন্তা করেছিলেন? (২২ পদ দেখুন)
- গল্পটির অংশবিশেষ নাট্যরূপ দিন।
- উপাসক মণ্ডলীর আরাধনার নেতার মাধ্যমে শিশুদের এই সংক্ষিপ্ত নাটকটি উপস্থাপনের ব্যবস্থা করুন।
 - নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সঙ্গে আপনার সময় ব্যবহার করুন।
 - সব অংশগুলো ব্যবহারের প্রয়োজন নেই।
 - বড় শিশুদের ছোটদের সাহায্য করতে দিন।
 - বড় শিশুরা অথবা প্রাপ্ত বয়স্কগণ নিম্নলিখিত চরিত্রগুলো অভিনয় করবেন।

বর্ণনাকারী : তিনি গল্পটি সংক্ষিপ্ত করবেন এবং শিশুদের পাঠ মুখস্থ করতে সাহায্য করবেন।

শৌল : (পরবর্তীকালের নাম পৌল)

যীশুর কর্তৃপক্ষ

অনন্তর

- ছোট শিশুদের নিম্নলিখিত ভূমিকায় অভিনয় করতে দিন :

শৌলের সঙ্গীগণ

যিহূদী যাজকগণ

যিহূদী জনতা - যিরুশালেমে

শৌলের মন পরিবর্তনের নাটক, ভাগ ১ (প্রেরিত ৯:১-১১)

বর্ণনাকারী : গল্পটির প্রথম ভাগটি বলুন (১-১১ পদ), তারপর বলবেন “শুনুন শৌল কি বলেন।”

শৌল : যাজকদের বলুন, “আপনারা শাসনকারী যাজক। আমাকে এমন কোন নথিপত্র দিন, যাতে আমি দম্ভোশকের যীশুর অনুসরণকারীদের গ্রেপ্তার করতে পারি। ঈশ্বর চান আমি এটা করি!”

শৌল এবং তাঁর সঙ্গীগণ : সামনের দিকে হেঁটে যাবেন। হঠাতে শৌল তাঁর চোখ ঢাকবেন, চীৎকার করবেন এবং পতিত হবেন।
যীশুর কঠস্বর : (উচ্চরণে) “শৌল! শৌল! আমি যীশু, তুমি যাকে তাড়না করছ।”

সঙ্গীগণ : শৌলের হাত ধরে তুলবে এবং তাকে নিয়ে হাঁটতে হাঁটতে বলবে, “আলো তাঁকে অঙ্ক করে দিয়েছে!”

নাটক, ভাগ ২ (প্রেরিত ৯:১২-২১)

বর্ণনাকারী : গল্পটির দ্বিতীয় ভাগ বলবেন, ১২ - ২১ পদ, তারপর বলবেন, “শুনুন, অনন্নীয় কি বলছেন।”

অনন্নীয় : “শৌল! ঈশ্বর আমাকে তোমার জন্য প্রার্থনা করতে পাঠিয়েছেন। তুমি তোমার দৃষ্টিশক্তি গ্রহণ কর! তুমি অ-যিহুদী লোকদের কাছে সাথী হবে। উঠে দাঁড়াও এবং বাস্তিস্মূ গ্রহণ কর।”

শৌল : বলবেন, “ওহ! আমি এখন দেখতে পাচ্ছি! আমার শারীরিক চোখ এবং আধ্যাত্মিক চোখ খুলে গেছে। এখন আমি বুঝতে পারছিয়ে ঈশ্বর চান আমি যেন প্রত্যেকের কাছে যীশুর সুসমাচার নিয়ে যাই।”

যিহুদী জনতা : (ক্রুদ্ধভাবে চীৎকার করবে) “এই প্রতারকের কাছ থেকে মুক্ত হও।”
“সে পরজাতিদের সাহায্য করতে চায়, যারা আমাদের শত্রু।”

বর্ণনাকারী অথবা বড় শিশু : যারা সাহায্য করেছেন তাদের সকলকে ধন্যবাদ। শিশুরা যদি বড়দের জন্য নাটকটি উপস্থাপন করে তবে তারা এই অধ্যয়ণের একদম প্রথম দিকে যে প্রশ্নের তালিকা প্রদত্ত হয়েছে, সেই প্রশ্নগুলো বড়দের জিজ্ঞাসা করবে।

আলোচনা : প্রত্যাখ্যাত হওয়া সত্ত্বেও পৌল কিভাবে লোকদের কাছে যীশুর কথা বলার বিষয়ে তাঁর দর্শনের বাধ্য হয়েছিলেন সেই বিষয়ে আলোচনা করুন। শিশুদের জিজ্ঞাসা করুন: “কি কি ভাবে লোকেরা আমাদের ঈশ্বরের বাধ্য হওয়ার বিষয়টিকে বন্ধ করার চেষ্টা করে? শিশুদের উদাহরণ দিতে দিন।”

অঙ্কন : একটি গ্লোবের ছবি আঁকুন। শিশুদের সেটা নকল করতে দিন। পরবর্তী আরাধনার সময় তারা বড়দের কাছে ছবিগুলো দেখাতে পারে এবং ব্যাখ্যা করতে পারে যে এর থেকে বোঝা যায় ঈশ্বর কিভাবে পৃথিবীর সমুদয় লোকদের প্রেম করেন।

ব্যাখ্যা : ঈশ্বর যেমন পৌলকে ভিন্ন ভিন্ন লোকদের কাছে পৌলকে পাঠিয়েছিলেন সেইভাবে যারা এখনও যীশুকে জানেন না তাদের কাছে তিনি আমাদের প্রেরণ করেন।

- পবিত্র আস্তা অন্য লোকদের প্রয়োজনগুলো দেখার জন্য আমাদের চোখ খুলে দেন, ঠিক যেভাবে তিনি শৌলের চোখ খুলে দিয়েছিলেন।
- অন্যান্য স্থানে উপাসক মণ্ডলী শুরু করার জন্য যীশু আমাদের দর্শন দেন, ঠিক যেভাবে তিনি শৌলকে দর্শন দিয়ে ছিলেন।

মুখ্য পদ : প্রেরিত ১:৮

ব্যাখ্যা করুন প্রেরিত ১:৮ পদ অনুসারে আমরা চারটি স্থান প্রয়োগ করতে পারি, যীশু আমাদের যেখানে তাঁর কথা বলার জন্য যেতে বলেছেন।



শিশুদের চারটি স্থানের উদাহরণ দিতে দিন:

- 1) যিরাশালেম হচ্ছে আমরা যে সমাজে বাস করছি।
- 2) যিহুদীয়া হচ্ছে নিকটবর্তী অন্য সমাজ সমূহ।
- 3) শমরীয়া হচ্ছে আমাদের নিকটবর্তী ভিন্ন সংস্কৃতির সমাজ সমূহ।
- 4) পৃথিবীর প্রান্ত হচ্ছে দূরবর্তী লোক সমূহ।

কবিতা : তিনটি শিশুর প্রত্যেককে হিতোপদেশ ৩:১৩-১৫ পদ তিনটি আবৃত্তি করতে দিন।

সপ্তাহের বিষয়ের ওপর নির্ভর করে বড় শিশুদের কবিতা, গান, অথবা নাটক লিখতে দিন।